

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৬১৯

আমবাসা, ৯ নভেম্বর, ২০২৩

রাজ্যভিত্তিক অনূর্ধ্ব ১৪, ১৭ ও ১৯ বালক
বালিকাদের যোগা প্রতিযোগিতার উদ্বোধন

আজ আমবাসায় রাজ্যভিত্তিক অনূর্ধ্ব ১৪, ১৭ ও ১৯ বালক বালিকাদের যোগা প্রতিযোগিতার উদ্বোধন হয়েছে। আমবাসা টাউনহলে এই প্রতিযোগিতার উদ্বোধন করেন ধলাই জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি অনাদি সরকার। প্রতিযোগিতায় রাজ্যের ৮টি জেলা থেকে প্রায় ২৫০ জন বালক বালিকা অংশ নিয়েছেন। প্রতিযোগিতার উদ্বোধন করে জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি শ্রীসরকার বলেন, শরীর ও মন সুস্থ রাখতে খেলাধুলার ভূমিকা অপরিসীম। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন আমবাসা পুরপরিষদের ভারপ্রাপ্ত চেয়ারপার্সন গোপাল সূত্রধর, জিলা পরিষদের ক্রীড়া বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি মৃদুল দত্ত, ধলাই জেলার অতিরিক্ত জেলাশাসক বিশ্বজিৎ পাল প্রমুখ। উপস্থিত ছিলেন আমবাসা মহকুমার মহকুমা শাসক সঞ্জিত দেববর্মা। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সহঅধিকর্তা বিভা বসু গোস্বামী।
